

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ই অগ্রহায়ণ, ১৪০৬ বাৎ/২রা ডিসেম্বর, ১৯৯৯ ইং।

এস,আর,ও নং ৩৫৪-আইন/৯৯।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 46A এর sub-section (2) এর clause (b) এর Explanation অংশে প্রদত্ত ক্ষমতা বলে জাতীয় রাজস্ব বোর্ড, উক্ত section 46A এর উদ্দেশ্যে, নিম্নবর্ণিত ভৌত অবকাঠামোসমূহকে physical infrastructure facility বলিয়া নির্ধারণ করিল, যথা:-

- (ক) সমুদ্র/নৌ বন্দর;
- (খ) Bulk cargo terminal;
- (গ) সার, খাদ্যশস্য, ক্লিংকার ইত্যাদি বিশেষ পণ্যের টার্মিনাল;
- (ঘ) কন্টেইনার টার্মিনাল/ইন্টারনাল কন্টেইনার ডিপো (ICD)/কন্টেইনার ফ্রেইট স্টেশন (CFS);
- (ঙ) ভোজ্য/জ্বালানী তেলের ট্যাঙ্ক টার্মিনাল;
- (চ) এলএনজি টার্মিনাল ও ট্রান্সমিশন লাইন;

- (ছ) সিএনজি টার্মিনাল ও ট্রান্সমিশন লাইন;
- (জ) গ্যাস পাইপ লাইন;
- (ঝ) বাস টার্মিনাল;
- (ঞ) ভূ-তল রেলওয়ে;
- (ট) Monorail বা বৈদ্যুতিক ট্রাম লাইন;
- (ঠ) ফ্লাইওভার;
- (ড) বৃহদাকার পানি শোধনাগার ও এর পাইপ লাইনের মাধ্যমে সরবরাহ;
- (ঢ) পয়ঃ লাইন;
- (ণ) বর্জ্য প্রক্রিয়াজাতকরণ প্লান্ট;
- (ত) রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা;
- (থ) পাবলিক ওয়্যার হাউজ (Public warehouse);
- (দ) টেলিযোগাযোগ; এবং
- (ধ) ইন্টারনেট এবং সংশ্লিষ্ট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ (Internet and its related services)।

০২। এই প্রজ্ঞাপন উহা জারীর তারিখ হইতে কার্যকর হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
 মুহাম্মদ আব্দুস সাত্তার
 সদস্য (আয়কর নীতি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২২ আষাঢ়, ১৪১২বাং/৬ জুলাই, ২০০৫ইং

এস,আর,ও নং ২০১-আইন/আয়কর/২০০৫।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা নিম্নবর্ণিত প্রজ্ঞাপনসমূহ রহিত করিল, যথা:-

- (ক) এস,আর,ও নং ৩৫৪-আইন/৯৯, তারিখ: ১৮ই অগ্রহায়ণ, ১৪০৬ বাং/২রা ডিসেম্বর, ১৯৯৯ইং;
- (খ) এস,আর,ও নং ৩৩৮-আয়কর/২০০২, তারিখ: ১৬ই অগ্রহায়ণ, ১৪০৯ বাং/৩০শে নভেম্বর, ২০০২ইং; এবং
- (গ) এস,আর,ও নং ২১৭-আয়কর/২০০৩, তারিখ: ৪ঠা শ্রাবণ, ১৪১০ বাং/১৯ জুলাই, ২০০৩ইং।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
এ এস জহির মোহাম্মদ
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)